মেহেরপুরে নানা আয়োজন শহিদ শেখ কামালের ৭৩তম জন্মবার্ষিকী পালন

নানা আয়োজেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র, মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক এবং ক্রীড়া ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৩তম জন্মবার্ষিকী পালিত হয়েছে। যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালন উপলক্ষে মেহেরপুর জেলা প্রশাসন করেছে নানা আয়োজন।

এ উপলক্ষে মেহেরপুর জেলা প্রশাসন চত্ত্বরে সকাল সাড়ে ৯ টার সময় মেহেরপুর জেলা প্রশাসন চত্ত্বরে স্থাপিত শেখ কামালের প্রতিকৃতিতে বাংলাদেশ আওয়ামী লীগের মেহেরপুর জেলা শাখার পক্ষ থেকে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি শ্রদ্ধা নিবেদন ও পুষ্পস্তবক

অর্পণ করেছেন।

এসময় মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ সুপার মো: রাফিউল আলম, মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক (ডিডি) মৃধা মো: মুজাহিদুল ইসলাম, মেহেরপুর অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস, নাজমুল হুদা, আশরাফুজ্জামান ভূঁইয়া, মেহেরপুর জজ কোর্টের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট পল্লব ভট্টচার্য, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের মেহেরপুর জেলা শাখার সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক সাইদুর রহমান।

পরে শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৩তম জন্মবার্ষিকী উপলক্ষে তার মাগফেরাত কামনা করে বিশেষ দোওয়া ও মোনাজাত করা হয়। এর আগে স্থানীয়দের মধ্যে বিভিন্ন প্রজাতির গাছের চারা বিতরণ করা হয়।

সকাল ১০ টার সময় তার জীবনি উপলক্ষে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। দিনটি উপলক্ষে জেলা প্রশাসন, মেহেরপুর জেলা আওয়ামী লীগ ও তার সহযোগী সংগঠনগুলো বিশেষ কর্মসূচি গ্রহণ করেছে।

এছাড়া বিভিন্ন ক্রীড়া ও সামাজিক-সাংস্কৃতিক সংগঠন যথাযথ মর্যাদায় দিবসটি পালন করতে নানাবিধ কর্মসূচি পালন করছে।